গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.১৫৪.২০১২- ৬৫২ তারিখঃ ২৭.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ মোমিন উদ্দিন চৌধুরী (কোড নং ১২২৯৮০), মেডিকেল অফিসার, ভাদেশ্বর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, গোলাপগঞ্জ, সিলেট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৬.০১.২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ মোমিন উদ্দিন চৌধুরী (কোড নং ১২২৯৮০), মেডিকেল অফিসার, ভাদেশ্বর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, গোলাপগঞ্জ, সিলেট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৫(পাঁচ) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া বেতন প্রাপ্য হবেন না।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.১৫৪.২০১২-৬৫২/১(১১) তারিখঃ ২৭.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। সিভিল সার্জন, সিলেট
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোলাপগঞ্জ, সিলেট
১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গোলাপগঞ্জ, সিলেট
১১। ডাঃ মোহাম্মদ মোমিন উদ্দিন চৌধুরী (কোড নং ১২২৯৮০), মেডিকেল অফিসার, ভাদেশ্বর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, গোলাপগঞ্জ, সিলেট

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮২.২০১২- ৩৫৩ তারিখঃ২৭.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ শেখ আমিরুল ইসলাম (১২৪৩৬৪), সহকারী সার্জন, গাবুরা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, শ্যামনগর, সাতক্ষীরা এ বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২০.০৩.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, চাকুরিতে যোগদানের পূর্ব থেকে তিনি এমএস (ইউরোলজি) কোর্স করে আসছিলেন এবং তা অব্যাহত রাখতে গিয়ে তিনি অধ্যয়নরত ছিলেন। তিনি ছুটির আবেদন করেছিলেন কিন্তু আবেদন পরবর্তীতে মঞ্জুর হয়নি যার ফলে তার অনুপস্থিতি অননুমোদিত হয়ে গিয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ শেখ আমিরুল ইসলাম (১২৪৩৬৪), সহকারী সার্জন, গাবুরা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, শ্যামনগর, সাতক্ষীরা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া বেতন প্রাপ্য হবেন না।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮২.২০১২- ৩৫৩/১(১২) তারিখঃ২৭.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। সিভিল সার্জন, সাতক্ষীরা
৭। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁর ১৬.০৩.২০১১ হতে ২২.০৮.২০১২ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতকালের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হল)
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্যামনগর, সাতক্ষীরা
১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্যামনগর, সাতক্ষীরা
১২। ডাঃ শেখ আমিরুল ইসলাম (১২৪৩৬৪), সহকারী সার্জন, গাবুরা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, শ্যামনগর, সাতক্ষীরা

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current)\Order (NI)\Minor Penalty.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.০৩৮.২০১২-৩৫২ তারিখঃ ২৭.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ ঈসা চৌধুরী (১১৪৯১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্ত প্রভাষক, ডেন্টাল ইউনিট, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৪.১১.২০১২ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ ঈসা চৌধুরী (১১৪৯১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্ত প্রভাষক, ডেন্টাল ইউনিট, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া বেতন প্রাপ্য হবেন না।

২৫.৩.১৩
(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.০৩৮.২০১২-৩৫২/১(১১) তারিখঃ ২৭.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম
৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৯। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁর ০১.০৭.২০১০ তারিখ হতে ০৬.০৩.২০১১ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতকালের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হল)
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১। ডাঃ মোহাম্মদ ঈসা চৌধুরী (১১৪৯১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্ত প্রভাষক, ডেন্টাল ইউনিট, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম

২৭.৩.১৩
(মোঃ সাঈদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current)\Order (NT)\Minor Penalty.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/শৃংখলা-১/১-১৩২/২০০৪- ৬৫২

তারিখঃ ১৬.১২.১৪১৯ বঙ্গাব্দ
২৭.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু মিসেস আয়শা পারভীন, নক্সাকার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর বিভাগ, ফরিদপুর (প্রাক্তন সিএমএমইউ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং তারপর তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন অপসারণ করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ না করে বিভাগীয় মামলায় মিসেস আয়শা পারভীনকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে মতামত প্রদান করে;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক মিসেস আয়শা পারভীন, নক্সাকার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর বিভাগ, ফরিদপুর-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১০.০৫.২০০১ হতে সরকারি চাকুরি থেকে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- স্বাপকম/শৃংখলা-১/১-১৩২/২০০৪-৬৫২/১(৭)

তারিখঃ ১৬.১২.১৪১৯ বঙ্গাব্দ
২৭.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা (স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
২। উপসচিব (নির্মাণ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর বিভাগ, ফরিদপুর
৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফরিদপুর
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। মিসেস আয়শা পারভীন, নক্সাকার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর বিভাগ, ফরিদপুর

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd